# Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER-DAM Part)


## কৃষি বিপণন অধিদপ্তর

ফুলের পাইকারী বাজার, দ্বীপনগর, গাবতলী, মিরপুর, ঢাকা-১২১৬

Web: www.dam.gov.bd, E-mail: partner.dam@gmail.com

# প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)

বাস্তবায়নকাল: জুলাই, ২০২৩- জুন, ২০২৮
প্রোগ্রাম এলাকা: ৮ টি বিভাগের ৬৪ টি জেলার ২০৮ টি উপজেলা

## কৃষি বিপণন অধিদপ্তর

ফুলের পাইকারী বাজার, দ্বীপনগর, গাবতলী, মিরপুর, ঢাকা-১২১৬
web: www.dam.gov.bd, E-mail: partner.dam@gmail.com

## মূল উদ্দেশ্যঃ

১) কৃষি ব্যবসায়ে যুবক ও নারীদের উৎসাহিত করার জন্য সারাদেশে ২০,০০০ (নারী-১২,০০০ এবং যুবক-৮০০০) জনকে অন-দ্যা-জব প্রশিক্ষণ প্রদান এবং কর্মসংস্থান সৃষ্টি এবং ইনকিউবেশন সাপোর্ট প্রদান ।

২) ৫টি কৃষি পণ্যের (আম, কাঁঠাল, আলু, টমেটো ও সুগন্ধি চাল) স্টেকহোল্ডারদের সমন্বয়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডি প্ল্যাটফর্ম গঠনের নীতিমালা তৈরি এবং পরিচালনা করা;



# প্রোগ্রামের প্রধান কার্যক্রম

১ ) কৃষি ব্যবসায়ে যুবক ও নারীদের উৎসাহিত করার জন্য সারাদেশে ২০,০০০ (নারী-১২,০০০ এবং যুবক-৮,০০০) জনকে অন-দা-জব প্রশিক্ষণ প্রদান এবং কর্মসংস্থান সৃষ্টি এবং ইনকিউবেশন সাপোর্ট প্রদান ।

২ ) উদ্যোক্তাদের কৃষি ব্যবসায়ে উৎসাহিত করতে যন্ত্রপাতি ও প্রকল্প অনুদান প্রদান, যেখানে ৭০ শতাংশ প্রকল্প থেকে এবং ৩০ শতাংশ উদ্যোক্তা নিজে অর্থায়ন করবে ।

৩ ) ২০০টি উপজেলায় ইনপুট সেবা, কালেকশন পয়েন্ট, প্যাকেজিং ও ওয়াশিং, পরামর্শ সুবিধাসহ 'পার্টনার ফার্মার্স হাব' তৈরি;

৪ ) কৃষিপণ্য সংশ্লিষ্ট বাজার কারবারীদের ৫০০ টি স্টেকহোল্ডার অর্গানাইজেশন গঠন করা;

৫ ) ৫টি কৃষি পণ্যের (আম, কাঁঠাল, আলু, টমেটো ও সুগন্ধি চাল) স্টেকহোল্ডারদের সমন্বয়ে মাল্টিস্টেকহোল্ডার প্ল্যাটফর্ম গঠনের নীতিমালা তৈরি এবং পরিচালনা করা;

৬ ) ৮১টি শস্য গুদাম ও ৬০টি পাইকারী বাজার মেরামত-সংস্কার এবং ৬টি অফিস কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের মাধ্যমে বাজার অবকাঠামো উন্নয়ন ।

## প্রকল্পের প্রভাব

১) কৃষি ব্যবসায়ে ১৮-৩৫ বছরের যুবক ও নারীদের কর্মসংস্থান সৃষ্টি হবে;

২) "মার্কেট এক্টর বিজনেস স্কুল" গঠনের ফলে পণ্যভিত্তিক বাজার সংযোগ সুবিধা সৃষ্টি হবে;

৩) ভ্যালু চেইন স্টেকহোল্ডার অর্গানাইজেশন গঠনের ফলে অংশীজনের সক্ষমতা বৃদ্ধি পাবে;

৪) পার্টনার ফার্মার্স মার্কেটিং হাব তৈরির ফলে কৃষকদের পণ্য বিপণন ও বাজারকারবারিদের সাথে আন্তঃসমন্বয় সৃষ্টি হবে;



# ডিএলআই-৭

**[কৃষি ব্যবসায়ে যুবক ও নারীদের উৎসাহিত করার জন্য সারাদেশে ২০,০০০ (নারী-১২,০০০ জন এবং যুবক-৮,০০০ জন) জনকে অন-দা-জব প্রশিক্ষণ প্রদান]**

## প্রধান কার্যক্রম

১) কৃষিপন্য প্রক্রিয়ার সাথে জড়িত এমন ৩০টি সরকারি/বেসরকারী প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করে ২০,০০০ জন উদ্যোক্তাকে কাজের মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করে দেয়া;

২) উদ্যোক্তা বাছাইয়ের জন্য প্রোগ্রাম এরিয়াতে বিপুল পরিমাণে প্রচারণা করার পাশাপাশি কৃষক পর্যায় হতে আগ্রহী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া;

৩) বাছাইকৃত উদ্যোক্তাদের বেসরকারী প্রতিষ্ঠানে প্রয়োজন অনুযায়ি কাজের মাধ্যমে প্রশিক্ষণের জন্য প্রেরণ;

৪) প্রশিক্ষণ পরবর্তী সময়ে তাঁদের ইনকিউবেশন প্রতিষ্ঠানের সাথে যুক্ত করার মাধ্যমে যেকোন লিগ্যাল ও ডকুমেন্টারী সহযোগিতা প্রদান;

৫) অগ্রগামী উদ্যোক্তাদের প্রকল্প হতে যন্ত্রপাতি, পরিবহণ, সংরক্ষণ, ইত্যাদি সংক্রান্ত অনুদান প্রদান;

৬) সেরা উদ্যোক্তাদের পুরষ্কারের ব্যবস্থা করার পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পদের পণ্য ব্রান্ডিং করা;

৭) ২০,০০০ জন উদ্যোক্তাকে বাছাইয়ের পরে তাঁদের প্রয়োজন ও আগ্রহের সাথে সামঞ্জস্য রেখে বেসরকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা;

৮) সরকারি/বেসরকারী প্রতিষ্ঠান স্বাক্ষরিত সমঝোতা স্মারকের শর্তানুযায়ী প্রতিষ্ঠানের আদ্যোপান্ত সকল বিষয়ে উদ্যোক্তাদের অন্তর্ভুক্ত করে সম্যক ধারনা প্রদান করা;

৯) তাছাড়া উদ্যোক্তাদের প্রয়োজনীয় ৮টি বিষয়ে প্রশিক্ষণ করা যথা ক) পোস্ট হার্ভেস্ট ম্যানেজমেন্ট; খ) উদ্যোক্তা, রপ্তানিকারক এবং প্রসেসরের উত্তম কৃষি চর্চা; গ) একাউন্টস ও বুক কিপিং; ঘ) বিজনেস প্ল্যানিং; ঙ) সেলস ও মার্কেটিং; চ) আর্থিক ব্যবস্থাপনা; ছ) লিগ্যাল কমপ্লায়েন্স ও ডকুমেন্টেশন; জ) মানব সম্পদ ব্যবস্থাপনা ।

# ডিএলআই-৯

## (৫টি পণ্যের ভ্যালু চেইন প্রমোশোনাল বডি পরিচালনার জন্য খসড়া নীতি প্রণয়ন ও পরিচালনা করা)

### প্রধান কার্যক্রম

১) ভ্যালুচেইন পরামর্শ সেবা, অংশীজনদের পরামর্শ কর্মশালা, আন্তঃমন্ত্রণালয় এবং স্টেকহোল্ডার সভার মাধ্যমে ৫টি পণ্যের ভ্যালু চেইন প্রমোশোনাল বডি ও পরিচালনার জন্য খসড়া নীতি এবং কৌশলগত কর্ম পরিকল্পনা প্রণয়ন;

২) মাল্টিস্টেকহোল্ডার প্ল্যাটফর্ম (এমএসপি) গঠন সভা এবং কর্মশালা/সেমিনারের মাধ্যমে নীতির প্রচার ও বৈধতা যাচাই বাছাই করা;

৩) বাজার কারবারি এবং ভ্যালুচেইন স্টেকহোল্ডারদের ডাটা সংগ্রহ, ডাটাবেস প্রস্তুতি, ও ডায়েরি পরিচালনার মাধ্যমে বাজার সংযোগ সুবিধা প্রদানের জন্য আইসিটি ভিত্তিক পরামর্শ সেবা ক্রয়;

৪) আম, কাঁঠাল, আলু, টমেটো ও রপ্তানিযোগ্য শাকসব্জি বাজারের চাহিদা মূল্যায়ন, ভোক্তা আচরণ, মূল্য পূর্বাভাস, সাপ্লাই চেইন বিশ্লেষণ এবং ফসল সংগ্রহত্তোর ব্যবস্থাপনার উপর স্টাডি পরিচালনা করা;

৫) মাল্টিস্টেকহোল্ডার প্ল্যাটফর্ম (এমএসপি) নিয়মিত সভা, কার্যক্রম পরিচালনা ও সমন্বয়ের জন্য ৬৪ টি জেলা পর্যায়ে পার্টনার স্টেকহোল্ডার অংশীদার বিপণন অফিস স্থাপন;

৬) পণ্য ত্তিত্তিক (দানাদার শস্য-৪০০ টি, ভিত্তিক ফল-২০০ টি, শাকসবজি-৪০০ টি, অপ্রচলিত ফসল-১০০ টি, প্রক্রিয়াজাত কৃত পণ্য- ১০০ টি) মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল গঠন ও সক্ষমতা বৃদ্ধি;

৭) ৫০০ টি ভ্যালুচেইন স্টেকহোল্ডার অর্গানাইজেশন গঠন ও সক্ষমতা বৃদ্ধি (কৃষক সংগঠন, সরকারি সংস্থা, বেসরকারি সংস্থা, লজিস্টিক অপারেটর, আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদি সহ);

৮) ২০০ টি পার্টনার মার্কেটিং হাব (এগ্রি ইনপুট সেবা, পরামর্শক সেবা, কালেকশন পয়েন্ট, বায়িং এবং সেলিং সার্ভিস, প্যাকেজিং এবং ওয়াশিং সুবিধা সহ ওয়ান-স্টপ কৃষক হাব নির্মাণ;

৯) ৮১ টি বিদ্যমান শস্য গুদাম সংস্কার ও মেরামত এবং ৬০ টি এনসিডিপি পাইকারি/খুচরা বাজার সংস্কার ও আধুনিকীকরণ;

১০) ২০০ টি পার্টনার হাবের জন্য ম্যাচিং গ্রান্টের মাধ্যমে পরিবহন সহায়তা;.

১১) পরিবেশবান্ধব প্যাকেজিং উপকরণ সরবরাহের মাধ্যমে রপ্তানি বাজার সম্প্রসারণ করা;

# যন্ত্রপাতি সরঞ্জাম সহায়তা

| নং | বর্ণনা | পরিমাণ |
|---|---|---|
| ১ | রেফ্রিজারেটেড কুল ভ্যান | ৫০ টি |
| ২ | মিনি ট্রাক | ২০০ টি |
| ৩ | প্যাকহাউস এবং ওয়াশিং মেশিনারি/যন্ত্রপাতি | ২০০ সেট |
| ৪ | গৃহস্থালী পর্যায়ে দানাদার শস্য সংরক্ষণের সাইলো | ১২০০০ সেট |
| ৫ | সোলার এবং অন্যান্য ড্রায়ার | ৫০০ সেট |
| ৬ | গ্রেডিং এবং সর্টিং যন্ত্রপাতি | ২০০ টি |
| ৭ | যুব ও নারী উদ্যোক্তাদের জন্য কৃষিপন্য প্রক্রিয়াকরণ যন্ত্র | ৫০০ টি |
| ৮ | যুবক ও মহিলাদের জন্য ফুড ভ্যান ও কার্ট | ১০০০ টি |
| ৯ | প্যাকেজিং আইটেম | ২০০ সেট |
| ১০ | পরিবহন এবং স্টোরেজ আইটেম বিতরণ | ২০০ সেট |

১) আগ্রহী উদ্যোক্তাদের তাদের ধারনাপত্র জমা দিতে হবে;

২) ধারনাপত্র একটি কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে উদ্যোক্তা চূড়ান্ত করা হবে;

৩) একটি নীতিমালার উপর নির্ভর করে ৫০-৭০% অর্থায়ন প্রকল্প থেকে করা হবে, বাকী টাকা উদ্যোক্তার দিতে হবে;

৪) সকল উদ্যোক্তাকে ব্যবসা টিকিয়ে রাখার জন্য ইনকিউবেশন সাপোর্ট প্রদান করা হবে;

৫) নিবন্ধিত ও প্রশিক্ষিত ২০,০০০ জন উদ্যোক্তার পাশাপাশি সারাদেশের কৃষক ও কৃষি ব্যবসায়ীর জন্য যন্ত্রপাতি সরঞ্জাম সহায়তা প্রদানের লক্ষ্যে আবেদন গ্রহণ উন্মুক্ত থাকবে;

# ডিজবার্সমেন্ট লিংক্‌ড ইন্ডিকেটর (DLI) অনুযায়ী প্রকল্পের প্রধান কার্যক্রম

| কর্মক্ষেত্র এরিয়া | ডিজবার্স লিংকড ইন্ডিকেটর (ডিএলআই) | বাস্তবায়নকারী সংস্থা | সহযোগী সংস্থা |
|---|---|---|---|
| ১. টেকসই এবং পুষ্টিকর খাদ্য উৎপাদনের জন্য প্রচার | ১. ফল ও সবজি উৎপাদনে উত্তম কৃষি চর্চা (জিএপি) মান উন্নয়ন এবং বাস্তবায়ন | ডিএই | বিএডিসি, বিএআরসি, বিএআরআই, ডিএএম |
| | ২. উচ্চ ফলনশীল ধানের জাত উন্নয়ন ও বাস্তবায়ন | বিআর আরআই | ডিএই, বিএআরসি, বিএডিসি |
| | ৩.ধান ছাড়াও শস্য, ডাল, তৈলবীজ এবং উদ্যানজাত ফসলের বৈশিষ্ট্য উদ্ভাবন | বিএআর আই | ডিএই, বিএআরসি, বিএডিসি |
| | ৪. কৃষকদের দ্বারা দক্ষ সেচ প্রযুক্তি গ্রহণ ও সম্প্রসারণ | বিএডিসি | ডিএই, বিএমডিএ, বিএআরআই, বিআরআরআই |
| ২. ক্রমবর্ধমান বাণিজ্যিকীকরণ এবং মূল্য সংযোজন | ৫. কৃষক স্মার্ট কার্ড এর মাধ্যমে ডিজিটাল কৃষি সেবা প্রদানের প্রসার | ডিএই | ডিএএম, বিএআরসি, বিএডিসি |
| | ৬. বীজ প্রত্যয়ন এবং নিরাপদ খাদ্য পরীক্ষার এক্রেডিটেশন (স্বীকৃতি) প্রচার | ডিএই | ডিএএম, বিএআরসি, বিএডিসি, বিএআরআই, বিআরআরআই |
| | ৭. যুবক ও নারীদের কৃষি ব্যবসায়ে উদ্যোক্তা উন্নয়নে উৎসাহিতকরণ | ডিএএম | ডিএই, বিএআরসি, বিএডিসি |
| ৩. কৃষি রূপান্তরের জন্য অবকাঠামো এবং নীতির আধুনিকীকরণ | ৮. NARS (নার্স) ভুক্ত প্রতিষ্ঠান এবং সম্প্রসারণ পরিষেবাগুলির জন্য একটি কর্মক্ষম মূল্যায়ন পদ্ধতি বিকাশের সাথে নতুন প্রযুক্তি এবং উদ্ভবনের জন্য R&D কার্যক্রম বৃদ্ধি | বিএআরসি | বিএডিসি, বিএআরআই, বিআরআরআই, ডিএই, ডিএএম |
| | ৯. নির্বাচিত পণ্যের জন্য ভ্যালু চেইন প্রমোশনাল বডি প্রতিষ্ঠা ও পরিচালনা | ডিএএম | ডিএই, বিএআরসি |
| | ১০. মানসম্পন্ন তথ্য ব্যবস্থার উন্নতি (দেশী ও বিদেশী বাজারের কৃষি পরিসংখ্যান এবং বাজার গবেষণা পরিসেবা) | ডিএই | ডিএএম, বিএডিসি, বিএআরসি |




**প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)**

**কৃষি বিপণন অধিদপ্তর**
ফুলের পাইকারী বাজার, দ্বীপনগর, গাবতলী, মিরপুর, ঢাকা-১২১৬
Web: www.dam.gov.bd, E-mail: partner.dam@gmail.com

**প্রকাশকাল:** মার্চ

**সংখ্যা:** ১৫,০০০ কপি